উদ্ভাবন প্রকল্প ছক

দপ্তর/ প্রতিষ্ঠানের নাম: পরিকল্পনা বিভাগ

চিহ্নিত সেবার নাম: **বৈদেশিক প্রশিক্ষণে সুযোগের সমতা বিধান এবং কর্মকর্তা মনোনয়ন সহজীকরণ।**

চিহ্নিত সেবাটি বর্তমানে কীভাবে দেয়া হয় (বুলেট আকারে)	চিহ্নিত সেবাটি বর্তমানে কীভাবে দয়া হয় (প্রসেস ম্যাপ)
(১) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা থেকে পরিকল্পনা বিভাগ/পরিকল্পনা কমিশনে স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণে মনোনয় চাওয়া হয়। (২) পরিকল্পনা কমিশন থেকে মনোনয়ন নির্ধারিত ছকে পরিকল্পনা বিভাগে প্রেরণ করা হয়। (৩) পরিকল্পনা বিভাগের প্রশিক্ষণ শাখা মনোনীত কর্মকর্তার বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি যাচাইক্রমে পরিকল্পনা বিভাগের বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত স্থায়ী কমিটিতে উপস্থাপন করেন। (৪) পরিকল্পনা বিভাগের বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত স্থায়ী কমিটি উপস্থাপিত তথ্য-উপাত্তের ভিত্তিতে অনুমোদন/পরিবর্তনের জন্য সিদ্ধান্ত গ্রহণ করেন। (৫) উক্ত সিদ্ধান্তের আলোকে প্রশিক্ষণ শাখা কর্তৃক কার্যবিবরণী প্রস্তুত করা হয় এবং ক্ষেত্র বিশেষে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক নথিতে অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় মনোনয়ন প্রেরণ করা হয়।	বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা থেকে মনোনয়ন চাওয়া হয় ⇩ পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ মনোনয়ন প্রদান করেন ⇩ পরিকল্পনা বিভাগ ⇩ পরিকল্পনা মন্ত্রণালয়ের বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত স্থায়ী কমিটি উক্ত মনোনয়নের যাচাই-বাছাই, রেজুলেশন প্রস্তুত এবং নোটের মাধ্যমে অনুমোদিত হয়। ⇩ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় প্রেরণ

চিহ্নিত সেবার মূল সমস্যা	সমস্যার পিছনে মূল কারণসমূহ	সেবাগ্রহীতা/ প্রদানকারীর ভোগান্তি
বৈদেশিক প্রশিক্ষণে কর্মকর্তা মনোনয়নে দীর্ঘসূত্রিতা:	বর্তমানে ৩(তিন) ধাপে সেবাটি প্রদান করা হচ্ছে।	চূড়ান্ত মনোনয়ন প্রলম্বিত হওয়ায় মনোনয়ন প্রত্যাশী মন্ত্রণালয় বা মনোনীত ব্যক্তি অনিশ্চয়তায় থাকেন; সিদ্ধান্ত গ্রহণ ও সরকারি আদেশ জারিতে বিলম্ব হয়।
পরিকল্পনা বিভাগ এবং পরিকল্পনা কমিশনের বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত আপডেট তথ্য এক নজরে না পাওয়া:	(১) তথ্য হালনাগাদকরণ এবং সংরক্ষণের আধুনিক কোন পদ্ধতি নেই; (২) ম্যানুয়াল পদ্ধতিতে তথ্য আপডেট করার কারণে তথ্যের সঠিকতা নিয়ে মতদ্বৈততার সৃষ্টি হয়। সংশ্লিষ্ট কর্মকর্তার বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত কেবল ১ বছরের তথ্য সংরক্ষণ করা হয়।	(১) তথ্যের সঠিকতা যাচাইয়ের অভাবে কর্মকর্তা মনোনয়নে সমতা বিধান করা কষ্টসাধ্য; (২) কোন কর্মকর্তা কোন ধরণের প্রশিক্ষণে আগ্রহী তার Data base না থাকায় কর্মকর্তা মনোনয়ে দীর্ঘসূত্রিতা; (৩) কর্মকর্তার বিগত কেবল ১ বছরের তথ্য সংগৃহীত রাখার ফলে ক্যারিয়ার প্ল্যানিং অথবা সঠিক স্থানে পদায়নের জন্য কোন মতামত/পরামর্শ প্রদান করা সম্ভব হয় না।

চিহ্নিত সেবার মূল সমস্যা	সমস্যার পিছনে মূল কারণসমূহ	সেবাগ্রহীতা/ প্রদানকারীর ভোগান্তি
বৈদেশিক প্রশিক্ষণে মনোনয়নের ক্ষেত্রে অসমতা:	ডিপিপি/টিএপিপিতে বৈদেশিক প্রশিক্ষণের ক্ষেত্রে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর থেকে একজন কর্মকর্তা অংশগ্রহণ করবেন মর্মে উল্লেখ থাকা। পরিকল্পনা কমিশনের সেক্টরভেদে প্রকল্পের সংখ্যা এবং বৈদেশিক প্রশিক্ষণের সুযোগ কম/বেশি হওয়া। বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত হালনাগাদ তথ্য প্রশিক্ষণ শাখায় প্রেরণ না করা বা সুসংরক্ষিত না থাকা। ফলে বিভিন্ন সেক্টরের বৈদেশিক প্রশিক্ষণে মনোনয়নে সমতা পরিলক্ষিত না হওয়া।	(১) মনোনয়ন প্রত্যাশী মন্ত্রণালয় কর্তৃক সরকারি আদেশ জারি/সিদ্ধান্ত গ্রহণ প্রলম্বিত হওয়া; (২) সেবা গ্রহণকারীগণ সমতার ভিত্তিতে বৈদেশিক প্রশিক্ষণ না পাওয়া/দীর্ঘসূত্রিতা/অনিশ্চয়তা (৩) সেবা প্রদানকারীর কাছে সঠিক তথ্য এক নজরে না থাকায়, সেবা প্রদান সময় সাপেক্ষ এবং সমতা বিধান করা দুষ্কর।

সমস্যা এবং এর কারণ ও প্রভাব সম্পর্কিত সংক্ষিপ্ত বিবৃতি (Why, What, who, where, when and how)
সেবা প্রদানকারীর ক্ষেত্রে সঠিক তথ্য প্রাপ্তিতে জটিলতা, সিদ্ধান্ত গ্রহণে দীর্ঘসূত্রিতা এবং সমতা বিধান কষ্টকর; সেবা প্রত্যাশী মন্ত্রণালয়ের বিড়ম্বনা এবং সরকারি আদেশ জারিতে সময়ক্ষেপন; মনোনীত কর্মকর্তার অনিশ্চয়তা; বৈদেশিক প্রশিক্ষণে কম সুযোগ পাওয়া/বঞ্চিত কর্মকর্তাগণের উদ্যম হ্রাস পাওয়া, অসন্তুষ্টি, টিম স্প্রিট কমে যাওয়া, ইত্যাদি।

সমস্যার প্রস্তাবিত সমাধান/ আইডিয়া
সমন্বিত তথ্য সংরক্ষণের লক্ষ্যে সফটওয়্যার প্রণয়ন
তথ্য অটোমেশন এবং হালনাগাদকরণ
পরিকল্পনা কমিশন এবং পরিকল্পনা বিভাগের বৈদেশিক প্রশিক্ষণে প্রার্থী মনোনয়নের সিদ্ধান্ত গ্রহণের বিষয়টি পরিকল্পনা বিভাগ থেকে কেন্দ্রিয়ভাবে পরিচালনা করা।
ক্যারিয়ার প্ল্যানিং এর অংশবিশেষ কর্মকর্তাগণ কোন কোন ধরণের প্রশিক্ষণে অংশ নিতে/ দক্ষতা অর্জনে আগ্রহী তা পূর্ব থেকেই কর্মকর্তাওয়ারি তথ্য সফটওয়ারে সন্নিবেশ করা যা কর্মকর্তা মনোনয়ন এবং ক্যারিয়্যার প্ল্যানিং এ সহায়ক হবে।

উদ্বোধনী আইডিয়ার শিরোনাম	স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণে প্রার্থী মনোনয়ন সহজীকরণ।		
প্রত্যাশিত ফলাফল (TCV ++)			
	সময় (দিন)	খরচ (টাকা)	যাতায়াত (কতবার)
আইডিয়া বাস্তবায়নের পূর্বে	১০-১৫ দিন	----	৩-৫ বার
আইডিয়া বাস্তবায়নের পরে	সর্বোচ্চ ৫ দিন	----	১- ২ বার
মোট পার্থক্য	৫-১০ দিন	----	২-৩ বার
অন্যান্য (টিসিভি কমেছে এবং অন্যান্য গুণগতমান বৃদ্ধি পেয়েছে)	বৈদেশিক প্রশিক্ষণে কর্মকর্তাগণের অংশগ্রহণে বহুলাংশে সমতা বিধান; প্রত্যাশী সংস্থা এবং মনোনীত কর্মকর্তাগণের উদ্বেগ ও উৎকণ্ঠা হ্রাস; সরকারি আদেশ জারিতে অপেক্ষাকৃত কম সময় লাগবে; মিটিং এর সংখ্যা কমে যাওয়ায় পরিকল্পনা কমিশন এবং পরিকল্পনা বিভাগের অনেক কর্মকর্তার কর্মঘণ্টা বেচে যাবে; বৈদেশিক প্রশিক্ষণে অংশগ্রহণে সমতা বিধানের প্রচেষ্টা।		
উদ্যোগটিরর মধ্যে নতুনত্ব কী?	কর্মকর্তাগণের তথ্য কেন্দ্রিয়ভাবে সংরক্ষণের ব্যবস্থাপনা এবং তথ্য হালনাগাদ সহজীকরণ হওয়ায় ক্যারিয়ার প্ল্যানিং তথা সঠিক স্থানে সঠিক সময়ে সঠিক কর্মকর্তা পদায়নে সহায়ক হবে।		

আইডিয়া পাইলটিং টিম (নাম, পদবি, কর্মস্থল, মোবাইল নং)

টিম লিডার	সদস্য-১	সদস্য-২	সদস্য-৩	সদস্য-৪	সদস্য-৫
মো: খলিলুর রহমান অতিরিক্ত সচিব	মো: আশরাফ হোসেন সিনিয়র সহকারী সচিব	মো: খোরশেদ আলম উপসচিব	আবু মোঃ মহিউদ্দিন কাদেরী যুগ্মপ্রধান	মোছা: মাজেদা খাতুন উপসচিব	মো: রফিকুল হক সিনিয়র সহকারী সচিব

স্টেহোল্ডারদের তথ্য (পাইলটিং টিমের বাইরে আইডিয়াটি বাস্তবায়নে যে যে ব্যক্তি/ প্রতিষ্ঠানসমূহ জড়িত):

আইডিয়া প্রদানকারী: মো: আশরাফ হোসেন, সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।

জড়িত প্রতিষ্ঠান: পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) এবং বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)।

আইডিয়ার অনুমোদনকারী	পার্টনার	পরামর্শক	সহায়তাকারী	বিরোধিতাকারী (যদি থাকে)
সচিব পরিকল্পনা বিভাগ	পরিকল্পনা কমিশনের বিভাগসমূহ, এনএপিডি এবং আইডিএস।	মাননীয় মন্ত্রী	পরিকল্পনা বিভাগ এবং পরিকল্পনা কমিশনে কর্মরত কর্মকর্তাবৃন্দ।	বৈদেশিক প্রশিক্ষণে অধিক সুবিধাভোগীবৃন্দ।

আইডিয়া পাইলটিং এর কর্মপরিকল্পনা:

কাজ	কে করবে	সময়কাল (মাস/ তারিখ)						
		জুন	জুলাই	আগস্ট	সেপ্টম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
অনুমোদনকারী/ উর্দ্ধতন কর্মকর্তার সাথে আইডিয়া সম্পর্কে আলোচনা ও মতামত গ্রহণ	টিম লিডার							
চুড়ান্ত পাইলটিং টিম গঠন ও তাদের সাথে আইডিয়া সম্পর্কে আলোচনা ও মতামত গ্রহণ	সচিব/ টিম লিডার							
সকল স্টেকহোল্ডারের সাথে আইডিয়া সম্পর্কে আলোচনা ও মতামত গ্রহণ	সকল সদস্য							
সেবাগ্রহীতাদের সাথে আইডিয়া সম্পর্কে আলোচনা ও মতামত গ্রহণ	মো: আব্দুর রশিদ (প্রশাসন ও অর্থ), এনএপিডি; মো: খোরশেদ আলম, মাজেদা পারভীন, মো: রফিকুল হক, মো: আশরাফ হোসেন							
সকল পর্যায়ের মতামতসমূহের সংকলন ও আইডিয়াটি চুড়ান্তকরণ	মো: আশরাফ হোসেন, মাজেদা পারভীন, মো: রফিকুল হক							
বাজেট চুড়ান্তকরণ	সচিব পরিকল্পনা বিভাগ							
বাজেট উপস্থাপন ও অনুমোদন প্রাপ্তি/ গ্রহণ	টিম লিডার							

প্রয়োজনীয় রিসোর্স

খাতসমূহ	বিবরণ	প্রয়োজনীয় অর্থ	উৎস	
জনবল	১ জন সফটওয়্যার বিশেষজ্ঞ; ১ জন ডাটা এন্ট্রি অপারেটর	প্রতি মাসে ২০,০০০ টাকা জনপ্রতি মোট ৩ মাসে ১২০,০০০ টাকা	ইনোভেশন খাতের বরাদ্দ ও এটুআই।	
কারিগরি যন্ত্রপাতি (সফটওয়্যার/ কম্পিউটার)	১টি কম্পিউটার; ১টি ল্যাপটপ; ২টি প্রিন্টার	২০০,০০০ টাকা ৫০,০০০ টাকা	ইনোভেশন খাতের বরাদ্দ ও এটুআই।	
বস্তুগত উপকরণ (স্টেশনারি/ বাল্ক এসএমএস, ইত্যাদি)	এসএমএস বাল্ক এবং ব্যবস্থাপনা	১৯,০০০ টাকা	ইনোভেশন খাতের বরাদ্দ ও এটুআই।	
ওয়ার্কশপ/সেমিনার	সকল স্টেকহোল্ডারের সাথে আইডিয়া সম্পর্কে আলোচনা ও মতামত গ্রহণ	১,০০,০০০ টাকা	ইনোভেশন খাতের বরাদ্দ ও এটুআই।	
ওয়ার্কশপ/সেমিনার	সেবাগ্রহীতাদের সাথে আইডিয়া সম্পর্কে আলোচনা ও মতামত গ্রহণ	১,০০,০০০ টাকা	ইনোভেশন খাতের বরাদ্দ ও এটুআই।	

২৫/৬/১৯

মোঃ আশরাফ হোসেন
সিনিয়র সহকারী সচিব
পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার